



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)  
বিআরটিএ ভবন  
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।  
(রোড সেফটি শাখা)  
[www.brta.gov.bd](http://www.brta.gov.bd)

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৮.০৬.০৬১.১৯-৪৩

তারিখঃ ২৪/০২/২০২১ খ্রিঃ।


বিষয়: সেবাসপ্তাহ, ২০২১ সফলভাবে পালনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: অপারেশন শাখার স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৪.২৯.০০১.২১-৬৩; তারিখ: ০৪-০২-২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৮-০২-২০২১ খ্রিঃ থেকে ০৪-০৩-২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত অনুষ্ঠিতব্য সেবাসপ্তাহ সফলভাবে পালনের লক্ষ্যে গত ২২-০২-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় একটি চেকলিস্ট প্রস্তুত করা হয়েছে যার ক্রমিক নং- ১,১৯,২০,২১,২৪,২৬ নিম্নরূপ:

- (১) সেবাসপ্তাহ সফলভাবে পালনের লক্ষ্যে সদর কার্যালয়, সকল বিভাগীয় ও সার্কেল অফিসে নিজ নিজ চেকলিস্ট তৈরি করতে হবে।
- (১৯) সকল সার্কেল অফিস কর্তৃক প্রয়োজনীয় ব্যানার ও লিফলেট প্রস্তুতকরত বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও সেবা সপ্তাহ উপলক্ষ্যে সাজসজ্জার ব্যবস্থা করতে হবে।
- (২০) বিআরটিএ'র সকল বিভাগীয় ও সার্কেল অফিস নিজ নিজ এলাকাভিত্তিক বাস টার্মিনালের দৃশ্যমান স্থানে নির্ধারিত নমুনা অনুযায়ী ব্যানার টাঙ্গিয়ে রাখবে।
- (২১) সড়ক নিরাপত্তা সংক্রান্ত লিফলেট ও মুজিবশতবর্ষের স্টিকার মোটরযানের দৃশ্যমান স্থানে লাগাতে হবে।
- (২৪) সেবা সপ্তাহ উদযাপনের প্রতিবন্ধকতা উল্লেখপূর্বক পরবর্তী সেবা সপ্তাহ সফল করতে যে সকল পদক্ষেপ গ্রহণ করা হবে তার পূর্ণাঙ্গ প্রতিবেদন সেবা সপ্তাহ সমাপ্তির পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ইতিপূর্বে ছকে প্রেরণ করতে হবে।
- (২৬) সেবা সপ্তাহ সংক্রান্ত বিজ্ঞাপন স্থানীয় পত্রিকা ও ক্যাবল নেটওয়ার্কের মাধ্যমে প্রকাশ ও প্রচারের ব্যবস্থা করতে হবে।

২। এমতাবস্থায়, এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

  
২৪/০২/২০২১  
(শেখ মোহাম্মদ মাহবুব-ই-রস্মানী)  
পরিচালক(রোড সেফটি)  
ফোন: ৫৫০৪০৭১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক(ইঞ্জি:), বিভাগীয় অফিস, .....সকল।
২. সহকারি পরিচালক(ইঞ্জি:), সার্কেল অফিস, .....সকল।

অনুলিপি:

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা।